

## সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৬৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৬২৭]

৫০/ আশ্বিয়া কিরাম (আঃ) (كتاب أحاديث الأنبياء)

পরিচ্ছেদঃ ২০৭৫. ইসলাম আগমনের পর নবুয়্যতের নিদর্শনসমূহ

### باب عَلامَاتِ النُّبُوَّةِ فِي الإِسْلَامِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَرَعْرَةَ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ أَبِي بَشْرٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنْ ابْنِ عَبَّاسٍ، قَالَ كَانَ عُمَرُ بْنُ الْخَطَّابِ - رَضِيَ اللَّهُ عَنْهُ - يُدْنِي ابْنَ عَبَّاسٍ، فَقَالَ لَهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ إِنَّ لَنَا أَبْنَاءً مِثْلَهُ. فَقَالَ إِنَّهُ مِنْ حَيْثُ تَعَلَّمَ. فَسَأَلَ عُمَرُ ابْنَ عَبَّاسٍ عَنْ هَذِهِ الْآيَةِ (إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ). فَقَالَ أَجَلُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعْلَمُهُ أَيَّاهُ. قَالَ مَا أَعْلَمُ مِنْهَا إِلَّا مَا تَعَلَّمُ.

বাংলা

৩৩৬৬। মুহাম্মদ ইবনু আর'আরা (রহঃ) ... ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, উমর ইবনু খাত্তাব (রাঃ) (তাঁর সভাসদদের মধ্যে) ইবনু আব্বাস (রাঃ) কে বিশেষ মর্যাদা দান করতেন। একদিন আবদুর রহমান ইবনু আউফ (রাঃ) তাঁকে বললেন, তাঁর মত ছেলে তো আমাদেরও রয়েছে। এতে তিনি বললেন, এর কারণ তো আপনি নিজেও জানেন। তখন উমর (রাঃ) ইবনু আব্বাস (রাঃ) কে ডেকে আয়াতের ব্যাখ্যা জিজ্ঞাসা করেন। ইবনু আব্বাস (রাঃ) উত্তর দিলেন, এ আয়াতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে তাঁর ওফাত নিকটবর্তী বলে জানিয়ে দেয়া হয়েছে। উমর (রাঃ) বললেন, আমিও এ আয়াতের ব্যাখ্যা জানি, যা তুমি জানো।

## English

Narrated Sa`id bin Jubair:

About Ibn `Abbas: `Umar bin Al-Khattab used to treat Ibn `Abbas very favorably `Abdur Rahman bin `Auf said to him. "We also have sons that are equal to him (but you are partial to him.)" `Umar said, "It is because of his knowledge." Then `Umar asked Ibn `Abbas about the interpretation of the Verse:- 'When come the Help of Allah and the conquest (of Mecca) (110.1)

Ibn `Abbas said. "It portended the death of Allah's Messenger (ﷺ), which Allah had informed him of." `Umar said, "I do not know from this Verse but what you know."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=3624>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন